গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়
**গবর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুল**
**নিউমার্কেট, ঢাকা-১২০৫**
ই-মেইল: glabdhaka@yahoo.com, ফোন - ৪১০৬০০৫২
web site: www.glabdhaka.edu.bd
কলেজ কোড- ১১২১, স্কুল কোড- ১২২২ থানা কোড- ১৩৭ জেলা কোড-১০ EIIN : ১০৭৯৬২

# নোটিশ

তারিখ : ২৮/০৭/২০২৫ খ্রি:

## ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

১। সরকারি সিদ্ধান্ত অনুযায়ী কেবলমাত্র এসএসসি/সমমানের পরীক্ষার মেধাক্রম অনুসারে শিক্ষার্থী ভর্তি করা হবে।

২। ২০২৩, ২০২৪, ২০২৫ সালে দেশের যে কোন শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে নীতিমালার অন্যান্য বিধানাবলি সাপেক্ষে অত্র প্রতিষ্ঠানে একাদশ শ্রেণিতে ভর্তির যোগ্য বিবেচিত হবে।

৩। ৩০/০৭/২০২৫ হতে ১১/০৮/২০২৫ তারিখের মধ্যে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য শুধুমাত্র ইন্টারনেটের মাধ্যমে আবেদন করা যাবে। অনলাইন আবেদনের ঠিকানা : www.xiclassadmission.gov.bd

৪। ভর্তি সংক্রান্ত সকল কার্যক্রমের সময়সূচি, ভর্তি নির্দেশিকা, আবেদনের নিয়মাবলি এবং ফলাফল নির্ধারিত ওয়েবসাইট (www.xiclassadmission.gov.bd ) এবং স্ব স্ব বোর্ডের ওয়েবসাইট থেকেও জানা যাবে।

৫। অনলাইনে বোর্ড থেকে প্রাপ্ত ভর্তিযোগ্য প্রার্থীদের মেধাক্রম তালিকা স্কুল নোটিশ বোর্ড ও বিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। বিদ্যালয়ের ওয়েবসাইট ঠিকানা : www.glabdhaka.edu. bd

৬। আবেদনের জন্য প্রয়োজনীয় ন্যূনতম জিপিএ ও আসন সংখ্যা :

| শাখা | জিপিএ | আসন সংখ্যা |
|---|---|---|
| বিজ্ঞান | ৪.৫০ | ১০০ |
| ব্যবসায় শিক্ষা | ৩.৫০ | ১০০ |

৭। ভর্তির সময় প্রার্থীকে একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র এবং যে শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রার্থী এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে সেই শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক ইস্যুকৃত প্রশংসাপত্রের ফটোকপি দাখিল করতে হবে।

৮। ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ভর্তির নির্দেশিকা অনুযায়ী অনলাইনে বোর্ড থেকে প্রাপ্ত ফলাফল অনুযায়ী ছাত্র ভর্তি করা হবে।

৯। সরকারি পরিপত্র অনুযায়ী প্রয়োজনীয় ফি ভর্তির সময় জমা দিতে হবে।

১০। **ফলাফল প্রকাশের তারিখ : ১ম পর্যায়-২০/০৮/২০২৫ খ্রি:, ২য় পর্যায়-২৮/০৮/২০২৫খ্রি: ও ৩য় পর্যায়-০৩/০৯/২০২৫ খ্রি:**

১১। **ভর্তির তারিখ : ০৭/০৯/২০২৫ থেকে ১৪/০৯/২০২৫ তারিখ পর্যন্ত।**

১২। ভর্তিকৃত ছাত্ররা নিম্নবর্ণিত উপায়ে বিষয় নির্বাচন করতে পারবে:

বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য আবশ্যিক বিষয় : ১। বাংলা ২। ইংরেজি ৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি।

ক) **বিজ্ঞান শাখা** : নৈর্বাচনিক বিষয় ৩ টি : ১। পদার্থবিজ্ঞান ২। রসায়ন ৩। উচ্চতর গণিত/ জীববিজ্ঞান
চতুর্থ বিষয় (যে কোন ১টি) : উচ্চতর গণিত/ জীববিজ্ঞান

**খ) ব্যবসায় শিক্ষা শাখা :**
নৈর্বাচনিক বিষয় ৩টি : ১। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ২। হিসাববিজ্ঞান ৩। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন
চতুর্থ বিষয় : পরিসংখ্যান।

১৩। শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে সরকারি নীতমালা অনুসরণ করা হবে।

**বি:দ্র: ভর্তিকৃত ছাত্রদের ছাত্রাবাসের কোন ব্যবস্থা নেই।**

প্রধানশিক্ষক
২৮/০৭/২৫